

= ২৭ =
ঢাকা ওয়াসা

৩৬। বিষয় : ২০২৪-২৫ অর্থ-বছরের সংশোধিত এবং ২০২৫-২৬ অর্থ-বছরের প্রাক্কলিত রাজস্ব বাজেটের প্রেরিত প্রস্তাবনা পর্যালোচনা সভার আয়োজন প্রসঙ্গে।

৩৭। ক) উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ঢাকা ওয়াসার অর্থ উইং, ও এন্ড এম উইং, এইচ আর এন্ড এডমিন উইং এবং আর পি এন্ড ডি উইং এ অধিভুক্ত ৮৪ টি ব্যয় কেন্দ্রের দাখিলকৃত ২০২৪-২৫ অর্থ-বছরের সংশোধিত এবং ২০২৫-২৬ অর্থ-বছরের প্রাক্কলিত রাজস্ব বাজেটের প্রস্তাবনার উপর বাজেট ওয়্যাকিং কমিটির সহিত আগামী ১৫-১২-২০২৪ খ্রিঃ হতে ২৫-১২-২০২৪ খ্রিঃ পর্যন্ত মোট ০৭(সাত) কর্মদিবসে ওয়াসা ভবনের ৪র্থ তলা "শীতলক্ষ্যা" হলে পর্যালোচনা সভার আয়োজন করা হবে। এখানে উল্লেখ্য যে, বাজেট ওয়্যাকিং কমিটির মাধ্যমে বিভিন্ন ডিভিশন হতে আগত বাজেট পুঞ্জানোপুঞ্জ ভাবে পর্যালোচনাতে বাজেট কমিটিতে উপস্থাপনের নিমিত্তে বাজেট প্রস্তুত করা হবে।

খ) বাজেট ওয়্যাকিং কমিটির সদস্য :

- ১) উপ-ব্যবস্থাপনা পরিচালক (অর্থ)।
- ২) উইং প্রধান।
- ৩) প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা।
- ৪) উপ-প্রধান হিসাব রক্ষণ/অর্থ কর্মকর্তা (বাজেট)।
- ৫) হিসাব রক্ষণ কর্মকর্তা (বাজেট)।
- ৬) হিসাব রক্ষক (বাজেট)।

বাজেট ওয়্যাকিং কমিটির সহিত উক্ত পর্যালোচনা সভায় বিভিন্ন ব্যয় কেন্দ্র হতে আগত সদস্য গণের আপ্যায়ন ও কমিটির সদস্যদের সম্মানী এবং সভার মনিহারী ও মুদ্রণের হিসাব নিম্নরূপঃ

১) ০৭(সাত) কর্মদিবসের আপ্যায়ন :-

ব্যয় কেন্দ্র হতে আগত সদস্য : ৮৪ টি ব্যয় কেন্দ্র X প্রতিটি ব্যয় কেন্দ্র হতে ৩ জন করে মোট = ২৫২ জন।

ওয়্যাকিং কমিটির সদস্য : ৬ জন করে X ৭ টি সভা = ৪২ জন।

সর্বমোট সদস্য সংখ্যা = ২৯৪ জন।

জন প্রতি ৫৫০ টাকা করে আপ্যায়ন বাবদ মোট খরচ $২৯৪ \times ৫৫০ = ১,৬১,৭০০$ টাকা।

২) ০৭(সাত) কর্মদিবসের সম্মানী :-

উপ-ব্যবস্থাপনা পরিচালক, উইং প্রধান ও প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা মোট ৩ জন X ৭টি সভা = ২১ জন X ৩০০০ = ৬৩,০০০ টাকা।

উপ-প্রধান হিসাব রক্ষণ/ অর্থ কর্মকর্তা ও ২ জন সহায়ক কর্মকর্তা মোট ৩ জন X ৭টি সভা = ২১ জন X ২৫০০ = ৫২,৫০০ টাকা।

সম্মানী বাবদ মোট টাকার পরিমাণ = ১,১৫,৫০০ টাকা।

চলমান

= ২৮ =

৩) মনিহারী ও মুদ্রণ :-

মনিহারী ও অন্যান্য ক্রয় বাবদ = ৩৫,০০০ টাকা।

উল্লেখিত ৩(তিন) টি খাতে সর্বমোট খরচ বাবদ = (১,৬১,৭০০ + ১,১৫,৫০০ + ৩৫,০০০) = ৩,১২,২০০.০০
(তিন লক্ষ বার হাজার দুইশত টাকা) মাত্র।

গ) উপরোক্ত আলোচনার প্রেক্ষিতে নিম্নোক্ত সিদ্ধান্ত গুলো সদয় পাশ করা যেতে পারে :

- ১) বাজেট ওয়াকিং কমিটির সদয় অনুমোদন।
- ২) ২০২৪-২৫ অর্থ-বছরের সংশোধিত এবং ২০২৫-২৬ অর্থ-বছরের প্রাক্কলিত রাজস্ব বাজেটের প্রেরিত প্রস্তাবনা পর্যালোচনা সভার আয়োজন করার অনুমোদন।
- ৩) বাজেটের পর্যালোচনা সভার আপ্যায়ন, সম্মানী, স্টেশনারী ও অন্যান্য ক্রয় বাবদ সর্বমোট ৩,১২,২০০.০০ (তিন লক্ষ বার হাজার দুইশত) টাকার অনুমোদন।
- ৪) উক্ত ব্যয় ২০২৪-২৫ অর্থ-বছরে প্রকল্পিত বাজেট হতে বাজেট বিভাগের অনুকূলে সাধারণ সেবা ব্যয় কেন্দ্রের আপ্যায়ন ও সম্মানী খাতে অর্থ হতে স্থানান্তর করত অস্থায়ী অগ্রিম হিসাবে প্রদানের অনুমোদন দেয়া যেতে পারে। যাহা, প্রকৃত ব্যয়ের ভাউচারের মাধ্যমে সমন্বয় করা হবে।

ঘ) ঢাকা পানি সরবরাহ ও পয়ঃ নিষ্কাশন কর্তৃপক্ষ (কর্মকর্মচারী) চাকুরী প্রবিধানমালা, ২০১০ এর ৩২ (১) এ "কর্তৃপক্ষ উহার কোন কর্মচারীকে সাময়িক প্রকৃতির কোন কর্ম সম্পাদনের জন্য অথবা বিশেষ মেধার প্রয়োজন হয় এমন নব প্রবর্তনমূলক বা গবেষণা ও উন্নয়নমূলক কর্ম-সম্পাদনের জন্য সম্মানী অর্থ বা নগদ অর্থ বা পুরস্কার প্রদানের যৌক্তিকতা থাকিলে উক্ত সম্মানী বা পুরস্কার প্রদান করিতে পারিবে"।

এবং ৩২ (২) এ "উপ-প্রবিধান (১) এর অধীনে কোন সম্মানী বা নগদ অর্থ পুরস্কার মঞ্জুর করা হইবে না, যদি এতদুদ্দেশ্যে গঠিত কমিটি কর্তৃক তাহা সুপারিশকৃত না করা হয়" মর্মে উল্লেখিত রহিয়াছে (ক্রঃ নং-৩ দ্রঃ)। ঢাকা ওয়াসায় এই ধরণে কাজের সম্মানী প্রদানের কোন রেইট নির্দিষ্ট করা নেই। সাধারণত ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের অনুমোদনক্রমেই এ ধরণের সম্মানী ভাতা প্রদান করা হয়ে থাকে। সম্মানী প্রদান সংক্রান্ত ঢাকা ওয়াসা'র ও অর্থ মন্ত্রণালয়ের অফিস আদেশ/হার পুনঃ নির্ধারণের কপি এতদ সংযুক্ত করা হলো (১ হতে ৪)

৩৮। সদয় পেশ করা হলো।

১১/১২/২৪
মোঃ হাসানুজ্জামান
হিসাবরক্ষক
হিসাব বিভাগ
ঢাকা ওয়াসা।

১১/১২/২৪
এ. কে. এম. নাজমুল হুদা
হিসাব রক্ষণ কর্মকর্তা
হিসাব বিভাগ
ঢাকা ওয়াসা।


১১/১২/২৪
Nishat Mazumder
Accounts Officer (A/C)

১১/১২/২৪

১১/১২/২৪
মোঃ আক্তারুজ্জামান
উপ-ব্যবস্থাপনা (অর্থ)
ঢাকা ওয়াসা।

১১/১২/২৪
মোঃ ফজলুর রহমান
ব্যবস্থাপনা পরিচালক
ঢাকা ওয়াসা।

১১/১২/২৪
মোঃ আক্তারুজ্জামান
উপ-ব্যবস্থাপনা
ঢাকা ওয়াসা।



CAD